যদি মানুষকে কেবল তাদের দাবী অনুযায়ী দিয়ে দেওয়া হয় তাহলে কতক লোক অন্যের সম্পদ ও জীবন দাবী করবে। সুতরাং, দাবীদারের দায়িত্ব প্রমাণ পেশ করা আর যে অস্বীকারীর কাজ হলো শপথ করা।

ইবন আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে মরফূ‘ হিসেবে বর্ণিত, “যদি মানুষকে কেবল তাদের দাবী অনুযায়ী দিয়ে দেওয়া হয় তাহলে কতক লোক অন্যের সম্পদ ও জীবন দাবী করবে। সুতরাং, দাবীদারের দায়িত্ব প্রমাণ পেশ করা আর যে অস্বীকারীর কাজ হলো শপথ করা।”
[সহীহ] [এটি বাইহাকী বর্ণনা করেছেন।]

হাদীসটি ন্যায় বিচার বাস্তবায়ন, সত্য প্রতিষ্ঠা এবং জান-মালের সংরক্ষণের নিমিত্তে দলীল-প্রমাণাদী ব্যতীত দাবী গ্রহণ না করা ও অস্বীকারকারী থেকে কসম গ্রহণ করার ক্ষেত্রে মূলনীতিস্বরূপ। অতএব, প্রমাণ ব্যতীত প্রত্যেক দাবীদারের দাবী প্রত্যাখ্যাত। চাই তা হক বা মু‘আমালার ব্যাপারে হোক কিংবা ঈমান ও ইলমের মাসায়েলের ব্যাপারে হোক।

https://sunnah.global/hadeeth/bn/show/4722